গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
গাইবান্ধা সদর, গাইবান্ধা।
www.gaibandhasadar.gaibandha.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.১৩.০০৪.২৫. ২৫৬

তারিখঃ ০২ ফাল্গুন ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

## সদর উপজেলাধীন হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে,গাইবান্ধা সদর উপজেলা পরিষদের নিয়ন্ত্রনাধীন নিম্নবর্ণিত সরকারি হাট-বাজার বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হইতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত ০১ (এক)সনা মেয়াদে সম্পূর্ণ অস্থায়ীভাবে ইজারা বন্দোবস্ত প্রদানের লক্ষ্যে (প্রতি হাট-বাজারের জন্য পৃথক পৃথকভাবে) সীলমোহরযুক্ত খামে দরপত্র আহবান করা যাইতেছে। শর্ত সম্বলিত দরপত্র সিডিউল তফশিল বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যতিত) জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধা; পুলিশ সুপারের কার্যালয়, গাইবান্ধা; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাইবান্ধা সদর, গাইবান্ধা এবং উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর, গাইবান্ধা থানা হইতে নির্ধারিত মূল্যে(অফেরত যোগ্য) ক্রয় করা যাইবে। দরপত্র গ্রহণের তারিখে কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। তফশিল বর্ণিত তারিখে সকাল-৯.০০ টা হইতে বেলা-২.০০টা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গাইবান্ধা সদর, উপজেলা ভূমি অফিস, গাইবান্ধা সদর ও জেলা প্রশাসকের কার্যালয়, গাইবান্ধায় রক্ষিত বাক্সে সীলগালাযুক্ত দরপত্র সমূহ গ্রহণ করা হইবে। দরপত্রসমূহ গ্রহণের তারিখেই বেলা-৩.০০ টায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

উল্লেখ্য, দরদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরে ৩০% (শতকরা ৩০ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলি ব্যাংক (ন্যাশনাল ব্যাংক পিএলসি, এক্সিম ব্যাংক পিএলসি, সোসাল ইসলামী ব্যাংক পিএলসি, ইউনিয়ন ব্যাংক পিএলসি, গ্লোবাল ইসলামী ব্যাংক পিএলসি এবং ফাস্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক পিএলসি ব্যতিত) হইতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর, গাইবান্ধার অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। উক্ত টাকা হইতে ২০% অর্থ ইজারা মুল্যের সহিত সমন্বয় করা হইবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নির্ধারিত হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিস্কার-পরিচ্ছন্ন না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা কর্তন করা হইবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

**-ঃ বাংলা ১৪৩৩ সনের হাটবাজার ইজারার ক্যালেন্ডার ঃ-**

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | ইউনিয়নের নাম | সরকারি মূল্য | সিডিউলের মূল্য | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|---|---|---|
| ০১ | লক্ষ্মীপুর হাট বাজার | লক্ষ্মীপুর | ৩৯৬২৫৫৪ | ৮৮০০ | | |
| ০২ | লেংগাবাজার | ,, | ২৩৩৬৭২ | ১২০০ | ১ম পর্যায় | |
| ০৩ | কাবিলের বাজার | মালিবাড়ী | ১৮২৯ | ৫০০ | ২৫-০২-২০২৫ | ২৬-০২-২০২৫ |
| ০৪ | ফকিরের হাট | ,, | ১৩৮২ | ৫০০. | ৯.০০-৫.০০টা | বেলা-২.০০ টা |
| ০৫ | মুর্শিদের বাজার | ,, | ১৪৩০ | ৫০০ | | |
| ০৬ | নতুন বন্দর | ,, | ১০৫৮৬৭ | ১০০০ | | |
| ০৭ | গোডাউন বাজার | ,, | ৭৫৩৫৮ | ৫০০ | ২য় পর্যায় | |
| ০৮ | কুপতলা স্কুল বাজার | কুপতলা | ৫৭০৬৭ | ৫০০ | ০৪-০৩-২০২৫ | ০৫-০৩-২০২৫ |
| ০৯ | প:কুপতলা গোডাউন বাজার | ,, | ৬২২০০ | ৫০০ | ৯.০০-৫.০০টা | বেলা-২.০০ টা |
| ১০ | চাপাদহ পাঁচজুম্মা বাজার | ,, | ৩৫৬০০ | ৫০০ | | |
| ১১ | তুলসীঘাট বাজার | সাহাপাড়া | ১৩৫৯১৬৭ | ৩৪০০ | | |
| ১২ | সাহার বাজার | বল্লমঝাড় | ৪৫০০০ | ৫০০ | ৩য় পর্যায় | |
| ১৩ | বল্লমঝাড় হাট | ,, | ১০৩৮৭ | ৫০০ | ১১-০৩-২০২৫ | ১২-০৩-২০২৫ |
| ১৪ | বালুয়া হাট | রামচন্দ্রপুর | ১২৪৯৩২৮ | ৩২০০ | ৯.০০-৫.০০টা | বেলা-২.০০ টা |
| ১৫ | বাদিয়াখালী হাট-বাজার | বাদিয়াখালী | ৪৪৮৫৮৬৭ | ৯৬০০ | | |
| ১৬ | নুরুলগঞ্জ হাট | ,, | ৫৯৫৮৮১ | ৫০০ | | |
| ১৭ | বোয়ালী স্কুল বাজার | বোয়ালী | ১৪০৭ | ৫০০ | | |
| ১৮ | ত্রিমোহনী বাজার | ,, | ১৪৬৭ | ৫০০ | | |
| ১৯ | রথের বাজার | খোলাহাটী | ৭৬৯৮ | ৫০০ | | |
| ২০ | দাড়িয়াপুর হাট-বাজার | ঘাগোয়া | ৫০৭৪০৩৩৩ | ১০২২০০ | | |
| ২১ | রুপার বাজার | ,, | ২৩২৯৮৬ | ১২০০ | | |
| ২২ | তালতলা বাজার | ,, | ১৫২০ | ৫০০ | | |
| ২৩ | কাউন্সিল বাজার | গিদারী | ৫৫৬৩৩ | ৫০০ | | |
| ২৪ | বাগুড়িয়া বাজার | ,, | ৩২৮৩ | ৫০০ | | |
| ২৫ | কামারজানি হাট-বাজার | কামারজানি | ১২৪৩৪৫০ | ৩২০০ | | |

বিঃদ্রঃ হাট-বাজার ইজারা সংক্রান্ত সকল তথ্যাদি অত্রাফিস হইতে অফিস চলাকালীন সময়ে জানা যাইবে। ১ম পর্যায় হইতে ৩য় পর্যায় পর্যন্ত কোন হাট-বাজারের জন্য উর্পযুক্ত দর পাওয়া না গেলে দরপত্র আহ্বান অব্যাহত থাকিবে। সেক্ষেত্রে প্রতি মাসের ১৪ ও ২৮ তারিখ পর্যন্ত দরপত্র বিক্রয় হইবে এবং মাসের ১৫ ও ২৯ তারিখে দরপত্র গ্রহণ ও ঐ দিন বিকেল ৩.০০ টায় দরপত্র বাক্স খোলা হইবে। উক্ত তারিখসমূহের কোনটিতে সরকারি ছুটি থাকিলে পরবর্তী কার্যদিবসে দরপত্র সিডিউল বিক্রয়/দরপত্র গ্রহণ ও দরপত্র বাক্স খোলা হইবে।

১৫/০২/২০২৬

(লাইলাতুল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা

**ঃ বাংলা ১৪৩৩ সনের হাটবাজার ইজারার শর্তাবলী ঃঃ**

০১। বাংলা ১৪৩৩ সনের ০১ বৈশাখ হইতে ৩০ চৈত্র ১৪৩৩ পর্যন্ত ০১(এক) বৎসর মেয়াদ কালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

০২। দরপত্র দাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০%(শতকরা ৩০ভাগ) অর্থ জামানত হিসাবে যেকোন তফসিলি ব্যাংক হইতে ব্যাংক ড্রাফটে/পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, গাইবান্ধা সদর-এর অনুকুলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গন্য হইবে। উক্ত টাকা হইতে ২০% অর্থ ইজারা মুল্যের সহিত সমন্বয় করা হইবে এবং বাকী ১০% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নির্ধারিত হাট-বাজার নিজ খরচে নিয়মিত পরিষ্কার না করিলে বা অন্য কোন ক্ষতিসাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বছর সমার্পান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হইবে।

০৩। যাহার দরপত্র গৃহীত হইবে,দরপত্র গৃহীত হওয়ার সংবাদ অবহিত হওয়ার ০৭(সাত)কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট (৮০%ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০%(দশ)আয়কর এবং ১৫% (পনের) ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনঃরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

০৪। প্রাপ্ত দরপত্রে সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মুল্যের কম হয় তাহা হইলে পুনঃরায় দরপত্র আহ্বান করা হইবে।

০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হইবে না। এক পর্যায়ের জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য পর্যায়ে আহবানকৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

০৬। খামের উপর দরপত্র দাতার নাম ঠিকানা ও হাট-বাজারের নাম স্পষ্ঠভাবে উল্লেখ করিতে হইবে।

০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে হাট-বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

০৮। প্রত্যেক হাট-বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরযুক্ত খামে দরপত্র দাখিল করিতে হইবে।দরপত্র দাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

০৯। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাবলীজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে=৩০০/-(তিনশত) টাকা নন জুডিসিয়াল ষ্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গন্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গন্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা হইবে।

১৭। চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

১৮। হাট-বাজার ইজারা বিষয়ে সকল তথ্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে ও www.gaibandhasadar.gaibandha.gov.bd-এ জানা যাবে। কর্তৃপক্ষ যেকোন কারন দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০২/২০২৬


(লাইলাতুল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা
☎-০১৭৬২-৬৯৫০৭১
🖂- gaibandhasadaruno@gmail.com


স্মারক নং-০৫.৫৫.৩২২৪.০০১.১৩.০০৪.২৫.২৫৬

তারিখঃ ০২ ফাল্গুন ১৪৩২ / ১৫ ফেব্রুয়ারি ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৩। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৪। পুলিশ সুপার, গাইবান্ধা।
০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, গাইবান্ধা।
০৬। প্রশাসক, উপজেলা পরিষদ, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
০৭। পৌর নির্বাহী কর্মকর্তা, গাইবান্ধা পৌরসভা, গাইবান্ধা।
০৮। জেলা.................................................................................................. ...............................অফিসার, গাইবান্ধা।
০৯। উপজেলা নির্বাহী অফিসার ............................................................................................ (সকল) গাইবান্ধা।
১০। সহকারী কমিশনার (ভূমি), গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১১। উপজেলা.........................................................অফিসার (সকল) গাইবান্ধা সদর, গাইবান্ধা। (তার নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)
১২। অফিসার ইনচার্জ, গাইবান্ধা সদর থানা, গাইবান্ধা।
১৩। ম্যানেজার...........................................................ব্যাংক লিমিটেড..............................শাখা, গাইবান্ধা।
১৪। চেয়ারম্যান................................................................................. ইউপি (সকল) গাইবান্ধা সদর, গাইবান্ধা। (বহুল প্রচারের অনুরোধসহ)
১৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা...........................................ইউনিয়ন ভূমি অফিস, গাইবান্ধা। তাকে বিজ্ঞপ্তিখানা সংশ্লিষ্ট হাট-বাজার এলাকাসহ জনবহুল এলাকায় মাইকে/ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারপূর্বক প্রচারের প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।
১৬। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, দৈনিক সংগ্রাম/দৈনিক ঘাঘট গাইবান্ধা। তাঁকে উপরোক্ত ইজারা বিজ্ঞপ্তি খানা তাঁর পত্রিকায় ১০"×৪" ব্যাসার্ধে সাইজে ০১ (এক) দিন মাত্র প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৭। জনাব.................................................... ইজারাদার, ১৪৩২ বাংলা সনের.......................................হাট-বাজার, গাইবান্ধা সদর, গাইবান্ধা।
১৮। নোটিশ বোর্ড/ অফিস কপি।

১৫/০২/২০২৬

উপজেলা নির্বাহী অফিসার
গাইবান্ধা সদর, গাইবান্ধা